গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.৩১.১১৭.১৫-৩৭৫

তারিখ: ১৩ কার্তিক ১৪৩১ / ২৯ অক্টোবর ২০২৪

বিষয়ঃ চট্টগ্রাম জেলার দোহাজারী পৌরসভাকে 'গ' শ্রেণী হতে 'খ' শ্রেণীতে উন্নীতকরণ প্রসঙ্গে।

সূত্র: দোহাজারী পৌরসভা এর স্মারক নং-২৬৫, তারিখ: ০৪/০৬/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম জেলার দোহাজারী পৌরসভা হতে প্রাপ্ত কাগজপত্রাদি প্রেরণপূর্বক নিম্নোক্ত হালনাগাদ তথ্যাদি সরেজমিনে যাচাইপূর্বক শ্রেণি উন্নীতকরণের বিষয়ে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

(ক) পৌরসভার সরকারী সাহায্য বা অনুদান ব্যতীত বিগত ৩(তিন) অর্থ বছরের খাতওয়ারী রাজস্ব আয়ের বিবরণী ও ৩ (তিন) অর্থবছরের মোট আয়-ব্যয় এবং গড় আয়-ব্যয়;
(খ) বিগত ০৩(তিন) অর্থ বছরের হোল্ডিং ট্যাক্সের দাবী ও আদায়ের পরিমাণ (শতকরা হারসহ);
(গ) পৌর কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা ও আনুতোষিক বকেয়া আছে কিনা;
(ঘ) স্থানীয় বিদ্যুৎ অফিস কর্তৃক বিদ্যুৎ বিল পরিশোধের প্রত্যয়নপত্র;
(ঙ) শ্রেণি পরিবর্তন হলে এবং অর্গানোগ্রাম অনুযায়ী কর্মকর্তা/কর্মচারী পদায়ন করা হলে তাদের বেতন-ভাতা প্রদানে বর্ণিত পৌরসভা সক্ষম হবে কিনা;
(চ) 'খ' শ্রেণিতে উন্নীত করা হলে রাজস্ব আয় থেকে বেতন-ভাতা প্রদানের ক্ষেত্রে রাজস্ব ঘাটতি হবে কিনা;
(ছ) ২০১৭ সাল থেকে কতজন কর্মকর্তা/কর্মচারী অবসর গ্রহণ করেছেন। তাদের ভবিষৎ তহবিল ও আনুতোষিক কত টাকা পরিশোধ করা হয়েছে এবং কত টাকা বকেয়া রয়েছে;
(জ) নিয়মিত আনুতোষিক কর্তন করা হয় কিনা এবং কর্মকর্তা/কর্মচারীদের পৃথক একাউন্ট আছে কিনা; এবং
(ঝ) বিএমডিএফ এর কোন ঋণ রয়েছে কিনা?

সংযুক্তিঃ ২২ (বার) ফর্দ।

২৯/১০/২৪
(ড. সালমা সিদ্দিকা)
উপসচিব
ফোনঃ ০২-২২৩৩৫৫৫৭২
e-mail: lgpaura2@lgd.gov.bd

জেলা প্রশাসক
চট্টগ্রাম।

অনুলিপি:
১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রশাসক, দোহাজারী পৌরসভা, চন্দনাইশ, চট্টগ্রাম।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।